

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৭৬

তারিখ: ১ ফাল্গুন ১৪৩০

১৪ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-০১/২০২৪ (রিট পিটিশন নং-১১২০৫/২০১৩ হতে উদ্ধৃত) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব নিহার বিন্দু বিশ্বাস ০১.০৬.২০০১ তারিখে প্রভাষক (বাংলা) হিসেবে ইদ্রিস মোল্লা ডিগ্রী কলেজ, বাউফল, পটুয়াখালীতে যোগদান করে ঐ তারিখ থেকে এমপিওভুক্ত হয়। তিনি ২০০১ তারিখ থেকে ২০০৮ পর্যন্ত নিয়মিত শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করে চাকুরীতে ৭ বছর উত্তীর্ণ হওয়ায় শিক্ষা ছুটির নিয়ম অনুসারে ২০০৮-২০০৯ শিক্ষা বছরে এমফিল/পিএইচডি করার লক্ষ্যে অধ্যক্ষ এবং সভাপতি/কর্তৃপক্ষের অনুমতিক্রমে শিক্ষা ছুটি নিয়ে ভর্তি হই এবং অবমুক্তপত্র নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। কিন্তু ছুটি শেষ হওয়ার পূর্বেই জুন ২০০৯ তারিখ থেকে তার বেতন বন্ধ করা হয়। কী কারণে বেতন বন্ধ করা হয়েছে তা তিনি জানেন না। গভর্নিং বডি গত ২৬.০৯.২০১২ তারিখে চূড়ান্ত বরখাস্ত করেন। এর প্রেক্ষিতে তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১১২০৫/২০১৩ দায়ের করে। মহামান্য হাইকোর্ট ৩০.০৮.২০১৫ তারিখে কর্তৃপক্ষের আইন অনুযায়ী রায়ের আদেশের অনুলিপি প্রাপ্তির তারিখ থেকে দুই মাসের মধ্যে পিটিশনারকে সমস্ত বেনিফিটসহ স্বপদে চাকুরীতে পুনর্বহালের নির্দেশ দেন। আদেশটি নিম্নরূপ :

According the rule is made absolute. The impugned letter bearing no. Imo Dco-09/2012(455) dated 27.09.2012 issued by the respondent no 8 termination the petitioner from post of Lecturer(Bengali) of Idris Mollah Degree College, Bauful, Patuakhali as evident from Annexure-k-3 to the wit petition and memo bearing no 07(Bo-357) Jatio Bi:PO:/1525 dated 24.09.2013 issued by respondent no.3 upon the dismissing the petititoner's appeal by affirming the termination of the petitioner from the post of Lecturer (Bengali) of Idris Mollah Degree College, Bauful, Patuakhali as evident from Annexure-L to the writ petition are declared to have been without lawful authority and of no legal effect.


The respondents are directed to reinstate the petitioner in his service with all attendant benefit within 2 (two) months from the date of receipt of a copy of the judgment and order in accordance with law.

০২। উপরোক্ত রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংশ্লিষ্ট হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-০১/২০২৪ দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং বিবাদী করা হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, যেহেতু কনটেম্পট পিটিশন নং-০১/২০২৪ (রিট পিটিশন নং-১১২০৫/২০১৩ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) কনটেম্পট পিটিশন নং-০১/২০২৪ (রিট পিটিশন নং-১১২০৫/২০১৩ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
- (ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা;
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৪-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৭৬/১(৩)

তারিখ: ১ ফাল্গুন ১৪৩০

১৪ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৪-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব